

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৮.২৭.০০২.২০২২-৩০৯

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৯
১৬ আগস্ট ২০২২

বিষয়: নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ পুনর্গঠন সংক্রান্ত।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) এর কতিপয় সদস্য ও অভ্যন্তরীণ কর্মকর্তা রাষ্ট্রবিরোধী কার্যকলাপ, জঙ্গীবাদের পৃষ্ঠপোষকতা, দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতায় জড়িত মর্মে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের তদন্তে প্রমাণিত হয় যা বিদ্যমান আইনের ধারা ৬(১০) এবং দেশের প্রচলিত ফৌজদারী আইনের সুস্পষ্ট লঙ্ঘন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের জমি ক্রয় প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত বিওটির ০৪ (চার) জন সদস্য জমি ক্রয়ে আর্থিক দুর্নীতি করায় দুদকের মামলায় উচ্চ আদালতের নির্দেশে বর্তমানে কারান্তরীণ রয়েছেন। তাছাড়া ট্রেজারার নিয়োগ সংক্রান্ত বিষয়ে সরকারি নথিতে জালিয়াতির ঘটনায় একজন ট্রাস্টির বিরুদ্ধে সম্পূর্ণ চার্জশীট দেয়া হয়েছে। এমতাবস্থায় অভিযুক্ত ব্যক্তিদের বোর্ড অব ট্রাস্টে অন্তর্ভুক্ত থাকা সমীচীন নয়। বর্তমান প্রেক্ষাপটে বোর্ড অব ট্রাস্ট পূর্ণাঙ্গভাবে পরিচালনা করতে না পারায় বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা ও পরিচালনা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

২.০ বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ধারা ৩৫ (৭) অনুযায়ী “কোন কারণে কোন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা দেখা দিলে কিংবা উহার স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত ও শিক্ষার্থীদের ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা দেখা দিলে, উক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখিবার স্বার্থে, চ্যান্সেলর, কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের সুপারিশক্রমে, প্রয়োজনীয় আদেশ ও নির্দেশ দিতে পারিবেন এবং এতদ্বিষয়ে চ্যান্সেলরের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে” মর্মে বিধান রয়েছে।

৩.০ উল্লিখিত পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং সরকারের আইন শৃঙ্খলা ও নিরাপত্তা বাহিনীর সম্মিলিত সভার সুপারিশ বিবেচনায় মহামান্য আচার্য কর্তৃক নির্দেশনা/অনুমোদনের প্রেক্ষিতে নিম্নোক্ত উদ্যোক্তা ট্রাস্টি ও উদ্যোক্তা ট্রাস্টির উত্তরাধিকারীগণের সমন্বয়ে বোর্ড অব ট্রাস্ট পুনর্গঠন করা হলোঃ


ক্র.নং	নাম ও ঠিকানা	
০১	জনাব এম. এ. কালাম ম্যানেজিং ডাইরেক্টর, টি.কে গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ	উদ্যোক্তা ট্রাস্টি
০২	জনাব এস. এম. কামাল উদ্দিন চেয়ারম্যান ও ম্যানেজিং ডাইরেক্টর, কনকর্ড ইঞ্জিনিয়ার্স এন্ড কনস্ট্রাকশন লিঃ	উদ্যোক্তা ট্রাস্টি
০৩	জনাব আবুল কাশেম ম্যানেজিং ডাইরেক্টর, আবুল খায়ের গ্রুপ	উদ্যোক্তা ট্রাস্টি
০৪	মিসেস ইয়াসমিন কামাল পরিচালক, মিনহাজ গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ	উদ্যোক্তা ট্রাস্টি
০৫	জনাব এ. এস. এফ. রহমান (আহমেদ সোহেল ফসিউর রহমান) চেয়ারম্যান, বেঞ্জিমকো গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ	উদ্যোক্তা ট্রাস্টি
০৬	ড. জুনাইদ কামাল আহমাদ সিনিয়র ইকোনিমিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক, ওয়াশিংটন ডিসি, ইউএসএ	উদ্যোক্তা ট্রাস্টির উত্তরাধিকারী
০৭	মিসেস ফৌজিয়া নাজ চেয়ারম্যান, ইউনাইটেড ফসফরাস (বাংলাদেশ) লিঃ	উদ্যোক্তা ট্রাস্টি
০৮	জনাব তানভীর হারুন ভাইস-চেয়ারম্যান, ইনকনট্রোল লিঃ	উদ্যোক্তা ট্রাস্টির উত্তরাধিকারী
০৯	প্রফেসর আতিকুল ইসলাম ভাইস-চ্যান্সেলর, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়	শিক্ষাবিদ
১০	জনাব জাভেদ মুনির আহমেদ উদ্যোক্তা	উদ্যোক্তা ট্রাস্টির উত্তরাধিকারী
১১	জনাব ফাইজা জামিল উদ্যোক্তা	উদ্যোক্তা ট্রাস্টির উত্তরাধিকারী
১২	জনাব শীমা আহমেদ উদ্যোক্তা	উদ্যোক্তা ট্রাস্টির উত্তরাধিকারী



চলমান পাতা

- ৪.০ বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ অনুযায়ী দায়িত্বরত উপাচার্য উপরোক্ত তালিকায় অন্তর্ভুক্ত হইবেন।
৫.০ এই আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



২৩/০৬/২০২২
(ড. মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব

ফোন-৯৫৪৯১৭৬

নং-৩৭.০০.০০০০.০৭৮.২৭.০০২.২০২২-৩০৯/১(১০)

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৯
১৬ আগস্ট ২০২২

সদয় অবগিত ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. উপাচার্য, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, প্লট নং-১৫, ব্লক-বি, বসুন্ধরা, ঢাকা-১২২৯।
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।